

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৭১

৩৯/ সংসারের প্রতি অনাসক্তি (ﷺ)

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর সাহাবীগণের জীবন-যাপন।

باب مَا جَاءَ فِي مَعِيشَةِ أُصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم

### আরবী

حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ مُحَمَّدٍ الدُّورِيُّ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَزِيدَ، حَدَّثَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ، أَنَّ أَبُا عَلِيِّ، عَمْرَو بْنَ مَالِكِ الْجَنْبِيَّ أَخْبَرَهُ عَنْ فَضَالَةً بْنِ عُبْدِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ إِذَا صلَّى بِالنَّاسِ يَخِرُّ رِجَالٌ مِنْ عَبَيْدٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ إِذَا صلَّى بِالنَّاسِ يَخِرُ رِجَالٌ مِنْ قَامَتِهِمْ فِي الصَّلاَةِ مِنَ الْخَصَاصَةِ وَهُمْ أَصْحَابُ الصُّقَّةِ حَتَّى تَقُولَ الأَعْرَابُ هَوُّلاَءِ مَجَانِينُ أَوْ مَجَانُونَ فَإِذَا صلَلَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم انْصَرَفَ إِلَيْهِمْ فَقَالَ "مَجَانِينُ أَوْ مَجَانُونَ مَا لَكُمْ عِنْدَ اللَّهِ لأَحْبَبْتُمْ أَنْ تَزْدَادُوا فَاقَةً وَحَاجَةً ". قَالَ فَضَالَةُ وَأَنَا يَوْمَئِذٍ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

#### বাংলা

২৩৭১. আব্বাস ইবন মুহাম্মাদ দূরী (রহঃ) ..... ফাযালা ইবন উবায়দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন লোকদের নিয়ে সালাতে দাঁড়াতেন তখন কিছু লোক ক্ষুধার তীব্র জ্বালায় দাঁড়ানো থেকে সালাতের মাঝেই নীচে পড়ে যেতেন। এরা ছিলেন, 'সুফফার' সদস্য।\* এমনকি তাদের এই অবস্থা দেখে মরুবাসীারবরা বলতঃ এরা পাগল নাকি!

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সালাত (নামায) শেষ করে এদের দিকে ফিরতেন। বলতেনঃ তোমরা যদি জানতে আল্লাহর কাছে তোমাদের জন্য কি নেয়ামত আছে তাহলে তোমরা আরো ক্ষুধার্ত থাকতে আরো অভাবী থাকতে ভালবাসতে। ফায়ালা রাদিয়াল্লাহ্ আনহ্ বলেন, আমি ঐ সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গেই ছিলাম।

সহীহ, তা'লিকুর রাগীব ৪/১২০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৬৮ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) হাদীসটি হাসান-সহীহ।



## **English**

Fadalah bin 'Ubaid narrated that when the Messenger of Allah (s.a.w) would lead the people in Salat some men would collapse among them during the Salat due to hunger – they were among them Ashab As-suffah – such that a Bedouin would say:

'These people are mad' or "possessed." So when the Messenger of Allah (s.a.w) finished the Salah, he turned to them and said: 'If you knew what was in store for you with Allah then you would love to be increased in poverty and need.'" Fadalah said: "And on that day, I was with the Messenger of Allah(s.a.w)."

## ফুটনোট

\* একদল সাহাবী সাহাবী তালীম ও নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশের অপেক্ষায় সব সময় হাযির থাকতেন। তাদের কোন বাড়ি-ঘর বা নির্দিষ্ট কো কামাই-রোযগার ছিল না। তারা সুফফা বা মসজিদে নববীর আঙ্গিনায় বসবাস করতেন। তারা খুবই দরিদ্র ছিলেন, কাঠ কেটে বা কায়িক পরিশ্রম করে বা নবীজীর বদান্যতার ওয়াসীলায় তারা জীবিকা নির্বাহ করতেন। তাদেরকে আহলে সুফফা বলা হত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ফাযালা ইবন উবায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন